# প্রচলিত বিভিন্ন খতম তাৎপর্য ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পরিশেষ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিশেষ

সম্মানিত পাঠক, আবারো নিজের ইলমী দুর্বলতা ভাষাগত অক্ষমতা স্বীকার করত আপনাদের কাছে বিশেষ করে আলেমদের কাছে বিনীত নিবেদন এই যে, আমাদের এই আলোচনা পর্যালোচনা কারো সম্মান বিঘ্নিত করার উদ্দেশ্যে নয়। কারো সম্মান এবং তার অনুসরণ এক নয়। সবার সম্মান করতে হবে, আমরা এর জন্য নির্দেশিত। অপরদিকে আক্বাঈদ বিশ্বাস বা ইবাদত সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে “ما أنا عليه وأصحابه” এর বাইরে যাওয়া যাওয়া যাবে না বলে আমরা আদেশপ্রাপ্ত। এর বাইরে গেলেই আমরা আহলুস্-সুন্নাহ ওয়াল জামা‘আতের বাইরে চলে যাব বলে সর্বদা আমাদের শ্রদ্ধেয় উস্তাদ মহোদয়গণ এবং আকাবীর আসলাফরা সতর্ক করে আসছেন। যুক্তি, বিবেক, জ্ঞান, ইলমের পাণ্ডিত্যের মাধ্যমে এর বাইরে যাওয়া থেকেই বিভ্রান্তির শুরু। তাই নিজ জ্ঞান দিয়ে নতুন আবিষ্কৃত বিষয়কে যাচাই করে দেখাকে নিরাপদ মনে করতে পারি না। নিরাপদ মনে করি শুধু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা কর্মের পূর্ণ অনুসরণ। আমাদের একটাই কথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আক্বীদা পোষণ করতেন কি না? তিনি এই ইবাদত এই পদ্ধতিতে বা এই উদ্দেশ্যে করেছেন কি না বা করতে নির্দেশ দিয়েছেন কি না? তিনি করলে বা নির্দেশ দিলে আর কোনো ঝুঁকি নেই। যে সব আলেমে দীন, আসাতিযা থেকে এভাবে সুন্নাতের অনুসরণ শিখেছি তাদের কেউই আমার এই ক্ষুদ্র পরিশ্রমে দুঃখিত হবেন না বলে আমি শতভাগ আশাবাদী। বরং তারা খুশি হয়ে দো‘আ করবেন। তাদের দো‘আ ও সহযোগিতায় এই সামান্য খেদমতের ফায়েদা ব্যাপক হবে বলে আমি পূর্ণ আস্থাবান। আর যারা অনেক বড় আলেম, যারা তাদের জ্ঞানের উপর পূর্ণ আস্থা করত রাসূলের কর্ম বহির্ভূত পদ্ধতিকে দলীল (?) দিয়ে জায়েয করতে পারেন তাদের কাছে আমার সবিনয় আবেদন যে, আপনারা আমাদের মত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পূর্ণ অনুসারীদের পূর্ণ অনুসরণের ওজুহাতটি কবুল করে আমাদেরকে, বিশেষ করে আমি নাদানকে আপনাদের দো‘আয় শামিল রাখবেন। পরিশেষে সবার কাছে দো‘আ চেয়ে শেষ করছি। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টাকে ক্বুবুল করুন। সুন্নাতকে জলাঞ্জলি না দিয়ে সুন্নাতের জন্য নিজেকে জলাঞ্জলি বা বিলিয়ে দেওয়ার তওফিক দিন। আমীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন